দৈনিক ইত্তেফাক

তারিখ OCT 1 8 1999
পৃঃ ৬ কলাম ৩

02

# সরকার মাদ্রাসা শিক্ষার মানোন্নয়নে কর্মপরিকল্পনা বাস্তবায়ন করিতেছে

..................................এম এ মান্নান

চট্টগ্রাম অফিস ॥ শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী এম, এ মান্নান বলেন, সরকার চলতি অর্থ বছরে শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ দিয়াছে। কারণ শিক্ষা জাতির মেরুদণ্ড এবং মানব সম্পদ উন্নয়নের প্রধান সোপান। গত ৯ই অক্টোবর লোহাগাড়া থানার আমিরাবাদ জয়নব কবির একাডেমীর ৫ লক্ষ টাকা ব্যয়ে, নবনির্মিত একাডেমিক ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণদানকালে মন্ত্রী বলেন, সরকার দেশকে নিরক্ষরমুক্ত করার পাশাপাশি শিল্পায়ন বিনিয়োগ বৃদ্ধি, যোগাযোগ, প্রযুক্তি, টেলিযোগাযোগ, পুষ্টি ও স্বাস্থ্যসহ উন্নয়নের সকল ক্ষেত্রে ব্যাপক সমন্বিত কর্মসূচী গ্রহণ করিয়াছে। তিনি মহল বিশেষের মাদ্রাসা শিক্ষা বন্ধের অপপ্রচারের সমালোচনা করিয়া বলেন, সরকার সাধারণ শিক্ষার পাশাপাশি মাদ্রাসা শিক্ষার প্রসার ও মানোন্নয়নে বিশেষ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করিতেছে। চট্টগ্রামের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে উন্নয়ন প্রকল্পের আওতায় আনা হইয়াছে।

অধ্যাপক শরফুল কবির সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অধ্যক্ষ রেজাউল কবির চৌধুরী, আওয়ামী লীগ নেতা মোছলেম উদ্দিন আহমদ, আবদুর রহিম ও বদিউল আলম।